



বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ  
Bangladesh Land Port Authority  
টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), কাগরান বাজার, ঢাকা- ১২১৫  
ফ্যাক্স: ৫৫০১৩৮২৮  
[www.bsbk.gov.bd](http://www.bsbk.gov.bd)

তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্তৃক নিম্নবর্ণিত তথ্যাদি সরবরাহ করা হয়ে থাকে:

- স্থলবন্দরসমূহের অবস্থান মানচিত্রের মাধ্যমে প্রকাশ/চিহ্নিতকরণ সম্পর্কিত তথ্য;
- চলমান বিভিন্ন প্রকল্প ও প্রকল্প প্রস্তাব;
- উন্নয়ন কর্মকাণ্ডের আলোকচিত্র;
- দাপ্তরিক গুরুত্বপূর্ণ কর্মকাণ্ড/চুক্তি/নতুন বন্দর সৃষ্টি ইত্যাদির অডিও ভিডিও;
- বন্দরসমূহে পণ্য হ্যান্ডলিং সম্পর্কিত তথ্য;
- বন্দরমাশুল সম্পর্কিত তথ্য;
- কর্তৃপক্ষের আয়-ব্যয় সম্পর্কিত তথ্য;
- ইমিগ্রেশনের জন্য কোন কোন বন্দর কখন খোলা থাকে এবং কোন কোন বন্দরে ইমিগ্রেশন চালু রয়েছে, এ সম্পর্কিত তথ্য।

- ❖ **সেবা প্রদান পদ্ধতি:** তথ্য কমিশন কর্তৃক প্রণীত তথ্যপ্রাপ্তির আবেদনপত্র (ফরম 'ক') মোতাবেক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বরাবর তথ্যপ্রাপ্তির জন্য আবেদন করতে হবে।
- ❖ **সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি:** তথ্য প্রদান সংশ্লিষ্ট বিদ্যমান আইন/বিধি অনুযায়ী (প্রযোজ্য ক্ষেত্রে) তথ্য প্রদানের প্রকৃত ব্যয় যেমন- তথ্যের মুদ্রিত মূল্য, ইলেকট্রনিক ফরমেট এর মূল্য কিংবা ফটোকপি বা প্রিন্ট আউট সংক্রান্ত ব্যয় তথ্যপ্রার্থীকে প্রদান করতে হবে।
- ❖ **সেবা প্রদানের সময়সীমা:** ২০ (বিশ) কার্যদিবস, অন্য কোনো ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতার ক্ষেত্রে ৩০ (ত্রিশ) কার্যদিবস।